গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: www.bspi.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১২. ০৮.২৬- ৬৮৭ তারিখ: ১৫/০৭/২০২৬খ্রি.

বিষয়: **দরপত্র বিজ্ঞপ্তিটি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সিভিল-উড টেকনোলজি পুরাতন জরাজীর্ণ ও অকেজো মালামাল/ যন্ত্রপাতি অপসারণ ও বিক্রয়ের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে সিলকৃত দরপত্র (Sealed Tender) এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। উক্ত দরপত্রের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের স্বার্থে অধিদপ্তরে ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: দরপত্রের বিজ্ঞপ্তি- ০২ (দুই) পাতা।

১৫/০৭/২৬

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২৩৩৪৪৬১৪০৪

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১২. ০৮.২৬- ৬৮৭ তারিখ: ১৫/০৭/২০২৬খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০
৩। সংরক্ষণ নথি

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: bspi.polytech.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬- ৬৮০ তারিখ: ১৫.০৭.২০২৬ খ্রি.

# "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা ঠিকাদারী প্রতিষ্ঠান ও আগ্রহী ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সিভিল-উড টেকনোলজির পুরাতন জরাজীর্ণ ও অকেজো মালামাল/যন্ত্রপাতি অপসারন ও বিক্রয়ের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে Sealed Tender এর মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। সিভিল-উড টেকনোলজির পুরাতন জরাজীর্ণ ও অকেজো মালামাল/যন্ত্রপাতির যাবতীয় জ্ঞাতব্য সম্বলিত শিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত অকেজো মালামাল প্রকৃত অবস্থা **"যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে"** সরজমিনে দেখে সংগ্রহ করা যাবে।

১। **মন্ত্রণালয়/বিভাগ** : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২। **এজেন্সী** : বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৩। **কাজের নাম** : ক) সিভিল-উড টেকনোলজির অকেজো মেশিনপত্র, স্ক্রাফ ও পুরাতন যন্ত্রাংশ।
৪। **নিলাম পদ্ধতি** : **Sealed Tender**
৫। **নিলামের আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়:**

| ক্রম নং | সিডিউল ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১. | ২০ জুলাই, ২০২৬ খ্রি. হতে ১৬ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত। | ১৭ আগস্ট, ২০২৬ খ্রি. ১২:৩০ ঘটিকা পর্যন্ত। | অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | ১৭ আগস্ট, ২০২৬ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা। অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা। |

**শর্তাবলী:**

১) আগামী ২০.০৭.২০২৬ খ্রি. হতে ১৬.০৮.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালিন সময় সিডিউল ক্যাশ শাখা হতে ক্রয় করা যাবে।

২) দরপত্র দাতাকে নির্ধারিত ছকপত্র সম্বলিত সিডিউল যথাযথভাবে পূরণ করে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর ও সীল প্রদান পূর্বক বন্ধ খামে উল্লিখিত তারিখ, সময় এবং নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। কোন অবস্থাতেই ডাকযোগে গ্রহণ করা হবে না।

৩) প্রতিটি সিডিউল মূল্য ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) ।

৪) দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) সিডিউল ক্রয়ের মূল রশিদ।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি-০১ (এক) কপি।

গ) ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের ফটোকপি।

ঘ) যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবরে দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের ২০% হারে টাকা বায়না হিসাবে জমা দিয়া পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫) উপরে উল্লেখিত সময়ে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

৬) একাধিক ক্রেতা একই দর (যাহা গ্রহণযোগ্য সর্বোচ্চ দর) উদ্ধৃত করলে তাহা গ্রহণযোগ্য হলে লটারীর মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করা হবে। সরকার কর্তৃক/স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের নিম্নে কোনো ডাক বা দর গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত দর বা ডাকের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল্য জমা না হলে উক্ত দরদাতা গ্রহণযোগ্য হবে না।

৭) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র দাতার উদ্ধৃত দর গ্রহনের বিষয়টি দরপত্রদাতাকে অবহিত করার ০৩ (তিন) দিনের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় টাকা সংশ্লিষ্ট কোডে চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে উদ্ধৃত দরের সমুদয় টাকা পরিশোধে ব্যর্থ হলে বায়নার টাকা সরকারের অনুকূলের বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কৃতকার্য দরদাতাকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক সরকার নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর উদ্ধৃত দরের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।

৮) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্র দাতার উদ্ধৃত দর গ্রহনের দিন থেকে মালামাল সমূহের রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন।

৯) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্র দাতার উদ্ধৃত দর গ্রহনের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে সিডিউলে উল্লেখিত মালামাল অপসারণ করবেন। অন্যথায় কোনো জটিলতা সৃষ্টি হলে অত্র প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

১৫/০৭/২৬

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

১০) অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর অনুমতি ব্যতিরেকে নিলাম গ্রহনকারী/ঠিকাদারের পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। নিলাম গ্রহনকারী/ঠিকাদার তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে কাজ শুরুর অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্যে নিলাম গ্রহনকারী/ঠিকাদার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।

১১) যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম চলাকালীণ সময়ে নিলামে কোনো প্রকাশ্যে বিঘ্ন সৃষ্টি করে, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনবোধে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।

১২) সর্বোচ্চ বা যেকোনো দর গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত। এজন্য নিলাম কমিটি কাউকে কোনো প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নয় এবং এ ব্যাপারে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩) নিলামে শর্তাবলী উল্লেখ নাই এমন কোন কিছু প্রয়োজন হলে সরকারি বিধি কার্যকর হবে। **কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাকের নিয়মাবলী পরিবর্তন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা অত্র স্থানীয় কনডেমনেশন কমিটি/নিলাম কমিটি সংরক্ষণ করেন।**

১৫/০৭/২৬

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২৩৩৪৪৬১৪০৪

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬- ৬৮০

তারিখ: ১৫.০৭.২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, ১২০৭।
২। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, ১২০৭।
৩। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই
৬। বিভাগীয় প্রধান, অটোমোবাইল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল টেকনোলজি, অত্র ইনস্টিটিউট, কাপ্তাই।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপ্তাই
৮। নিরাপত্তা কর্মকর্তা, অত্র ইনস্টিটিউট।
০৯। হিসাবরক্ষক, অত্র ইনস্টিটিউট।
১০। সংরক্ষণ নথি।

১৫/০৭/২৬

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)